# PRACTICE SET

## Sub : Bengali (2nd language)

**১। নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নাও :**

**ক) কলকাতা শব্দে দল সংখ্যা হল - (২ / ৩ / ৪ / ৫)।**

**উত্তর : ৩ ।**

**খ) --------বর্গের পঞ্চম বর্ণটি হল ঞ (ক / চ / ট / প)।**

**উত্তর : চ**

গ) প্লুতস্বরের উদাহরণটি হল - (মা-আ-আ-আ / মা / মাম / মামা)।

উত্তর : **মা-আ-আ-আ**

ঘ) নীচের বাক্যটি বাক্য গঠনের কোন্ শর্ত মানে নি ---
বিপুল যায় বাজারে (পদস্থাপন রীতি / বাক্যের যোগ্যতা / আকাঙ্ক্ষা পূরণ)।

উত্তর : **পদস্থাপন** রীতি।

Scanned with CamScanner

ঙ) নীচের বাক্যটি বাক্য গঠনের কোন্ শর্ত মানে নি —
সে আমাকে (পদস্থাপন রীতি / বাক্যের যোগ্যতা / আকাঙ্ক্ষা পূরণ)।

**উত্তর : আকাঙ্ক্ষা পূরণ।**

চ) নীচের বাক্যটি বাক্য গঠনের কোন্ শর্ত মানে নি ---
ইঁদুরগুলি আকাশে উড়ছে। (পদস্থাপন রীতি / বাক্যের যোগ্যতা / আকাঙ্ক্ষা পূরণ)।

**উত্তর : বাক্যের যোগ্যতা।**

ছ) 'রাম বনে যায়'। বাক্যটিতে উদ্দেশ্য হল - (রাম বনে / রাম / যায় / রাম যায়)।

**উত্তর : রাম।**

জ) 'রাম বনে যায়'। বাক্যটিতে বিধেয় হল - (রাম বনে / রাম / বনে যায় / রাম যায়)।

**উত্তর : বনে যায়।**

Scanned with CamScanner

ঝ) অর্থগত দিক থেকে বাক্য কয় প্রকার? (২ / ৩ / ৪ / ৫)

**উত্তর : ৫**

ঞ) অর্থগত দিক থেকে বাক্যটি কোন্ ধরণের বাক্য ?
তোমার নাম কি ? (প্রশ্নসূচক বাক্য / ইচ্ছাসূচক বাক্য / আবেগসূচক বাক্য / এদের মধ্যে কোনোটিই নয়)।

**উত্তর : প্রশ্নসূচক বাক্য।**

ট) গঠনগত দিক থেকে বাক্যটি কোন্ ধরণের বাক্য ?
তুমি যে পুরস্কার পাবে সেটা আমি জানতাম। (সরল বাক্য / জটিল বাক্য / যৌগিক বাক্য / এদের কোনোটিই নয়)। ব

**উত্তর : জটিল বাক্য।**

ঠ) যে বাক্যে একটিমাত্র কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া থাকে, তাকে বলে - (সরল বাক্য / জটিল বাক্য / যৌগিক বাক্য / এদের কোনোটিই নয়)।

উত্তর : সরল বাক্য।

Scanned with CamScanner